

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
খুমলুঙ, পশ্চিম ত্রিপুরা

এডিসি।স-১৪৯
খুমলুঙ, ০১।১১।২০২১ইং

টিটিএডিসির ওয়েবসাইট শুভ সূচনা

আজ খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক নতুন ভবনের মিলনায়তনে টিটিএডিসি গভ.ইন.ওয়েবসাইট শুভ সূচনা করা হয়। প্রসাশন ও সংস্কার কমিটির চেয়ারম্যান তথা এমডিসি প্রদ্যোৎ বিক্রম কিশোর মানিক্য দেববর্মনের উপস্থিতিতে এই ওয়েবসাইট শুভ সূচনা করেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-মুখ্যনির্বাহী সদস্য অনিমেষ দেববর্মা, শিক্ষা ও পূর্ত দপ্তরের নির্বাহী সদস্য চিত্তরঞ্জন দেববর্মা, উপদেষ্টা ও প্রশাসন সংস্কার কমিটির সদস্য বিজয় কুমার রাঙখল, এমডিসি অনন্ত দেববর্মা, এমডিসি উমাশঙ্কর দেববর্মা, এমডিসি গনেশ দেববর্মা, এমডিসি দেববর্মা, এমডিসি রুনেইল দেববর্মা, এমডিসি সওদাগর কলই। স্বাগত ভাষণ রাখেন মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া। ত্রিপুরা সরকারের আইটি দপ্তরের যুগ্ম অধিকর্তা সুপ্রকাশ জমাতিয়া ও উপস্থিত ছিলেন। এরপর মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া ওয়েবসাইট প্রতিদিনের বিভিন্ন তথ্য আপলোড করার উপর গুরুত্বারোপ করেন। জনগন অতি সহজে এডিসি এলাকার বিভিন্ন তথ্য পাবে। প্রশাসন উন্নয়নমূলক কাজ করছে। সেই সম্পর্কে জানতে পারবে বলে তিনি জানান।